# 3 Yr. Degree/4 Yr. Honours 6th Semester Examination, 2026 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG 6011 (MAJOR)

(সংস্কৃত ও ইংরেজি সাহিত্যের ইতিহাস)

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ২×১০=২০

(ক) 'অভিজ্ঞানশকুন্তলম্' নাটকে কটি অঙ্ক আছে? কালিদাসের লেখা আর-একটি নাটকের নাম লেখো।

(খ) শ্রীমদ্ভাগবত গীতা মহাভারতের কোন পর্বের অন্তর্গত? এতে কটি অধ্যায় আছে?

(গ) বাল্মীকি রামায়ণের কোন দুটি খণ্ডকে প্রক্ষিপ্ত বলে মনে করা হয়?

(ঘ) মহাভারতকে পঞ্চমবেদ বলা হয় কেন?

(ঙ) 'মৃচ্ছকটিক' শব্দের অর্থ কী? এই নাটকের নায়ক-নায়িকার নাম কী?

(চ) মহাভারতের কাহিনি অবলম্বনে ভাসের লেখা নাটকগুলির নাম লেখো।

(ছ) 'মেঘদূত' কাব্যের ক-টি বিভাগ ও কী কী?

(জ) সংস্কৃত সাহিত্যে গদ্যকাব্যের ক-টি ভাগ ও কী কী?

(ঝ) শেক্সপিয়রের লেখা দুটি ট্র্যাজেডির নাম লেখো।

(ঞ) 'লিসিডাস' (Lycidas) কার লেখা? এটি কী ধরনের রচনা?

(ট) 'Prelude' কার লেখা? কবে রচনাটি প্রকাশিত হয়?

(ঠ) টি. এস. এলিয়টের দুটি কাব্যনাট্যের নাম লেখো।

(ড) 'ডেভিড কপারফিল্ড' (David Copperfield) কার লেখা? গ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করো।

(ঢ) 'ELIA' কার ছদ্মনাম? তাঁর লেখা একটি প্রবন্ধ-সংকলনের নাম লেখো।

(ণ) 'লিরিক্যাল ব্যালাড্স'-এর সম্পাদকদ্বয়ের নাম লেখো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৪=২০

(ক) সংস্কৃত গীতিকবিতা রচনায় জয়দেবের কৃতিত্বের পরিচয় দাও।

(খ) মহাভারতের প্রক্ষিপ্ত অংশ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(গ) সংস্কৃত গদ্যসাহিত্যে বাণভট্টের অবদান আলোচনা করো।

(ঘ) কাব্যনাটক রচনায় টি. এস. এলিয়টের দক্ষতার পরিমাপ করো।

(ঙ) চসারের লেখা 'The Canterbury Tales' গ্রন্থটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(চ) চার্লস ল্যাম্বের রচনাশৈলী সম্পর্কে সংক্ষেপে তোমার মতামত দাও।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) ট্র্যাজেডি রচনায় শেক্সপিয়রের অবদান সংক্ষেপে আলোচনা করো।

(খ) প্রাচীন ভারতীয় সাহিত্যে কবি কালিদাসের কবিকৃতিত্ব পর্যালোচনা করো।

(গ) ভাস-সমস্যার স্বরূপ আলোচনা করো।

(ঘ) রোমান্টিক কবি হিসেবে কিটসের প্রতিভার মূল্যায়ন করো।

---

# 3 Yr. Degree/4 Yr. Honours 6th Semester Examination, 2026 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG 6012 (MAJOR)

(লোকসাহিত্য ও লোকসংস্কৃতি)

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×১০=২০

(ক) 'লোকসংস্কৃতি'-র ইংরেজি প্রতিশব্দ কী? লোকসংস্কৃতির কয়েকটি ধারার নাম লেখো।

(খ) 'লোকসংস্কৃতি'-র দুটি বস্তুগত উপাদানের নাম লেখো।

(গ) লোকসাহিত্যের দুটি মানসিক উপাদানের নাম উল্লেখ করো।

(ঘ) লোকসাহিত্যের অন্তর্গত 'ব্রত' কয়প্রকার ও কী কী?

(ঙ) যে-কোনো দুটি মেয়েলি ব্রতকথার উদাহরণ দাও।

(চ) 'ছেলে ভুলানো ছড়া' প্রবন্ধটি কার লেখা প্রবন্ধ? একটি 'ছেলে ভুলানো ছড়া'-র উদাহরণ দাও।

(ছ) 'টুসুগান' বাংলার কোন অঞ্চলের লোকসংগীত? এটি সাধারণত কোন ঋতুতে গাওয়া হয়?

(জ) 'মৈমনসিংহ গীতিকা' কে প্রথম সম্পাদনা ও সংকলন করেন? এর সংগ্রাহক কে?

(ঝ) 'মহুয়া' ও 'চন্দ্রাবতী' পালার রচয়িতার নাম লেখো। এই পালাদুটিকে লোকসাহিত্যের কোন ধারায় ফেলা যায়?

(ঞ) বাক্‌কেন্দ্রিক লোকসংস্কৃতির দুটি উদাহরণ দাও।

(ট) বাংলার দুটি লোকশিল্পের উদাহরণ দাও এবং সেই শিল্প কোন অঞ্চলে প্রচলিত— তা উল্লেখ করো।

(ঠ) ছৌ-নৃত্য কোন অঞ্চলের লোকসংস্কৃতি? ছৌ-নৃত্য বাদে ভিন্ন একটি লোকনৃত্যের দৃষ্টান্ত দাও।

(ড) মন্ত্র কাকে বলে? একটি উদাহরণ দাও।

(ঢ) দুটি লোকপ্রবাদের দৃষ্টান্ত দাও।

(ণ) আলকাপ কী? এটি কোন অঞ্চলে প্রচলিত?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৪=২০

(ক) লোকসাহিত্যের সঙ্গে নাগরিক সাহিত্যের প্রধান পার্থক্যগুলি কী— তা বুঝিয়ে দাও।

(খ) বাংলা লোকসংগীতের উদ্ভব ও বিবর্তন সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত করো।

(গ) একটি লোকনাট্যের উদাহরণ দিয়ে সেটির সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) ধাঁধা কাকে বলে? ধাঁধার প্রকারভেদ উদাহরণ-সহ আলোচনা করো।

(ঙ) লোকসাহিত্যের অন্যতম ধারা হিসেবে মেয়েলি ব্রতকথার গুরুত্ব বিচার করো।

(চ) লোককথা ও রূপকথার মধ্যে পার্থক্য নিরূপণ করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) বাংলা লোকসাহিত্যের ছড়াগুলিতে বাঙালির সমাজজীবনের যে ছবি পাওয়া যায়— তা আলোচনা করো।

(খ) বাংলা লোকউৎসবগুলিতে গ্রামীণ সংস্কৃতি কীভাবে গভীরে প্রোথিত রয়েছে— উদাহরণ-সহ আলোচনা করো।

(গ) লোকসংস্কৃতির টাইপ ও মোটিফ সম্পর্কে আলোচনা করো।

(ঘ) লোকসাহিত্যের জনপ্রিয় ধারা হিসেবে ‘মৈমনসিংহ গীতিকা’র বিশেষত্বগুলি পাঠ্য পালা অবলম্বনে বুঝিয়ে দাও।

# 3 Yr. Degree/4 Yr. Honours 6th Semester Examination, 2026 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG 6013 (MAJOR)

(রবীন্দ্রসাহিত্য)

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) "ক্ষুধা মিটাবার খাদ্য নহে যে মানব
কেহ নহে তোমার আমার"—
মানব কেন ক্ষুধা মেটাবার খাদ্য নয়? 'কেহ নহে তোমার আমার'—বক্তব্য স্পষ্ট করো।

(খ) 'আঁধার ঘরের রাজা' কোন সময়ে এসেছে? 'দুঃখ রাতের রাজা' কার সঙ্গে এসেছে?

(গ) 'দুইপাখি' কবিতাটি কোন পাখির উক্তি দিয়ে শুরু এবং কোন পাখির উক্তি দিয়ে শেষ?

(ঘ) 'ব্রাহ্মণ' কবিতার কাহিনির উৎস কী? কবিতাটি কোন কাব্যের অন্তর্গত?

(ঙ) "আমি ছাড়া ঘরে থাকে আর একটা জীব
এক ভাড়াতেই"
—এখানে কোন 'জীব'-এর কথা বলা হয়েছে? বক্তার সঙ্গে সেই জীবের তফাত কী?

(চ) 'জীবিত ও মৃত' গল্পে চিতার কাঠ আনতে গিয়েছিল যে দুটি চরিত্র তাদের নাম লেখো।

(ছ) 'সুভা' গল্পে সুভার সঙ্গে যাদের অন্তরঙ্গতা ছিল, তাদের অন্তরঙ্গতার কারণ কী?

(জ) "... তাহাদের কোনোরূপ আইন-আদালত নাই।"— কাদের আইন-আদালত নাই? 'শাস্তি' গল্পে চন্দরার শেষ কথাটি কী?

(ঝ) "সেই দৃশ্য দেখিবামাত্র তাঁহার পুরাতন জীবন দ্বিতীয়বার কারামুক্ত হইয়া বাহির হইল"— দৃশ্যটি কী?

(ঞ) 'মুক্তধারা' নাটকে নাট্যকাহিনির স্থানদুটির নাম লেখো।

(ট) বিনোদিনীর স্বামীর নাম কী? তারা কোথায় থাকত?

(ঠ) 'চোখের বালি' উপন্যাসে বঙ্কিমচন্দ্রের কোন রচনার উল্লেখ আছে? কী প্রসঙ্গে এই রচনার উল্লেখ করা হয়েছে?

(ড) আশালতার ডাকনাম কী? তার মাসির নাম কী?

(ঢ) ধনঞ্জয় কোন নাটকের চরিত্র? নাটকে তার গাওয়া যেকোনো একটি গানের প্রথম পঙক্তি উল্লেখ করো।

(ণ) গিরিবালা কার কাছে লেখাপড়ার চর্চা শুরু করেছিল? কোন রচনার চরিত্র এরা?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৪=২০

(ক) 'দুইপাখি' কবিতায় কবির বক্তব্যবিষয়টি যে-ভাষায় ফুটে উঠেছে, তার পরিচয় দাও।

(খ) 'ওরা কাজ করে' কবিতায় 'ওরা'-দের জীবনসংগ্রাম ও সভ্যতার ইতিহাসে 'ওরা'-দের ভূমিকা কীভাবে ব্যক্ত হয়েছে তা পর্যালোচনা করো।

(গ) 'মুক্তধারা' নাটকে অভিজিৎ চরিত্রটিকে 'নায়ক' বলা যায় কি না তা আলোচনা করো।

(ঘ) 'কঙ্কাল' গল্পটিকে অতিপ্রাকৃত গল্প হিসেবে দেখা যায় কি না সে বিষয়ে তোমার অভিমত দাও।

(ঙ) 'কাবুলিওয়ালা' গল্পে মিনি চরিত্রটি নির্মাণে গল্পকারের দক্ষতা বিচার করো।

(চ) 'চোখের বালি' উপন্যাসে আশা চরিত্রটির গুরুত্ব নিরূপণ করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) 'শাস্তি' গল্পের নামকরণ সঠিক হয়েছে কি না বিচার করো।

(খ) 'চোখের বালি' উপন্যাসে বিনোদিনী চরিত্রের সার্থকতা আলোচনা করো।

(গ) 'মুক্তধারা' নাটকে শেষ পর্যন্ত ''যন্ত্র শক্তির মহিমা পরাস্ত হয়েছে''— এই মন্তব্য সম্পর্কে তোমার মতামত যুক্তি-সহ আলোচনা করো।

(ঘ) ''আকবর বাদশার
সঙ্গে হরিপদ কেরানির কোনো ভেদ নেই''

— বক্তার এই উপলব্ধির কারণ 'বাঁশি' কবিতা অবলম্বনে নিজের ভাষায় লেখো।

---

# 3 Yr. Degree/4 Yr. Honours 6th Semester Examination, 2026 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG6014 (MAJOR)

(বিশ শতকের কবিতা, উপন্যাস, ছোটোগল্প, নাটক)

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×১০=২০

(ক) 'বিদ্রোহী' কবিতাটি কবে, কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

(খ) নীরেন্দ্রনাথ চক্রবর্তীর লেখা 'অমলকান্তি' কবিতাটি তাঁর লেখা কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? অমলকান্তি কী হতে চেয়েছিল?

(গ) ''তবু বিশ্বমানবেরে একমাত্র সত্য বলে জানি''—কোন কবিতার অংশ? কবির নাম লেখো।

(ঘ) 'বাবরের প্রার্থনা' কবিতায় বাবরের প্রার্থনা কার জন্য? ''পাথর করে দাও আমাকে নিশ্চল''— বাক্যটি কবিতায় কতবার ব্যবহার করা হয়েছে?

(ঙ) কোপাই নদীর প্রায় মাঝামাঝি জায়গায় যে বিখ্যাত বাঁকটার নাম হাঁসুলী বাঁক— সেই বাঁকটিকে 'হাঁসুলী বাঁক' কেন বলা হয়েছে লেখো।

(চ) ''নদীর ধারে বাস ভাবনা বারো মাস''— কে, কোন প্রসঙ্গে একথা বলেছে?

(ছ) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসের করালী কোন কাজের সঙ্গে কোথায় যুক্ত ছিল?

(জ) 'পূজার ভূত' গল্পে কথকের নাম কী? শামীমাসির সঙ্গে তার সম্পর্ক কী?

(ঝ) 'দেবী' গল্পে উমাপ্রসাদের বয়স কত? সে সম্প্রতি কোন শিক্ষায় যুক্ত হয়েছে?

(ঞ) ''এ অভিযোগ নতুন নয়''— 'ক্যাকটাস' গল্পে কে অভিযোগ করেছে? অভিযোগটি কী?

(ট) 'বেহুলার ভেলা' গল্পে বাবার ঘুম যাতে না ভেঙে যায় তার জন্য অমিয়া কোন সতর্কতা অবলম্বন করেছিল?

(ঠ) 'দুঃশাসনীয়' গল্পে রাবেয়া পুকুরঘাট থেকে আর ফিরল না কেন?

(ড) 'কারাগার' নাটকটির প্রথম অঙ্কের ঘটনাস্থল উল্লেখ করো বসুদেব কে?

(ঢ) ''ওর ছায়াস্পর্শও গুরুপাতক''— কার ছায়া? তা কেন গুরুপাতক?

(ণ) ''যদুবংশের রাজত্ব পুনঃপ্রতিষ্ঠিত হোক, আমার পাপের প্রায়শ্চিত্ত হোক''— কার উক্তি? কার উদ্দেশে এই উক্তি?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৪=২০

(ক) ''একটি কবিতা লেখা হবে''— তার জন্য কোন কোন প্রাকৃতিক ঘটনা ঘটেছে 'একটি কবিতার জন্য' কবিতা অবলম্বনে আলোচনা করো।

(খ) ''জীবন, জীবন-মোহ
ভাষাহারা বুকে স্বপ্নের বিদ্রোহ—
মেলাবেন, তিনি মেলাবেন।''— 'সংগতি' কবিতায় কবি কীভাবে এই সংগতিবোধে পৌঁছেছেন তা সংক্ষেপে লেখো।

(গ) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে পাখি চরিত্রটির গুরুত্ব লেখো।

(ঘ) 'পথ-নির্দেশ' গল্পের সুলোচনা চরিত্রটি বিশ্লেষণ করো।

(ঙ) 'শেঠানীজী' গল্পে শেঠানীজীর শেষ পরিণতির জন্য কে কতখানি দায়ী বিচার করো।

(চ) 'কারাগার' নাটকে চন্দনা চরিত্রের ভূমিকা আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) সামাজিক অস্থিরতার চিত্র কীভাবে ১৯৪৬-৪৭ কবিতায় শিল্পরূপ লাভ করেছে, তা প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে আলোচনা করো।

(খ) 'হাঁসুলী বাঁকের ইতিকথা' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) 'মহানগর' গল্পে একদিকে নাগরিক ঐশ্বর্যের আড়ালে থাকা অন্ধকার ও অন্যদিকে মানবিক সম্পর্কের আলো কীভাবে ফুটে উঠেছে বিশ্লেষণ করে দেখাও।

(ঘ) পৌরাণিক কাহিনি অবলম্বনে 'কারাগার' নাটকটি লেখা হলেও এটি প্রকৃতপক্ষে পৌরাণিক নাটক নয়, স্বদেশপ্রেম-মূলক নাটক— আলোচনা করো।

# B.A. 6th Semester (General) Examination, 2026 (CBCS)

বিষয় ঃ বাংলা

## Course : SEC-4

সময় ঃ ২ ঘণ্টা পূর্ণমান ঃ ৪০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাওঃ ২×৫=১০

(ক) প্রাতিষ্ঠানিক পত্র কাকে বলে? একটি উদাহরণ দাও।

(খ) ব্যক্তিগত পত্র কাকে বলে একটি উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও।

(গ) প্রতিবেদন কাকে বলে?

(ঘ) প্রতিবেদনের ভাষা কেমন হওয়া উচিত?

(ঙ) রাজনৈতিক প্রতিবেদন কাকে বলে?

(চ) ভাবানুবাদ বলতে কী বোঝো?

(ছ) অনুবাদ কাকে বলে?

(জ) অনুচ্ছেদ ও প্রবন্ধের মধ্যে পার্থক্য কী?

২। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০

(ক) নতুন পাঠ্যক্রমের জন্য তোমার মহাবিদ্যালয়ে কিছু নতুন বই কেনা প্রয়োজন। এই বই কেনার আবেদন জানিয়ে তোমার মহাবিদ্যালয়ের অধ্যক্ষ মহাশয়কে একটি পত্র লেখো।

(খ) বৃক্ষরোপণের উপযোগিতা বিষয়ে উপযুক্ত শিরোনাম-সহ সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

(গ) অনুচ্ছেদ রচনা করোঃ তোমার প্রিয় সাহিত্যিক

(ঘ) বাংলায় অনুবাদ করো (যে-কোনো পাঁচটি)ঃ

(i) Education has no limit.

(ii) India is a land of diversity.

(iii) Months went by.

(iv) It does not rain as much as it thunders.

(v) Oil does not mix with water.

(vi) All is not gold that glitters.

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×২=২০

(ক) তোমার এলাকায় রাস্তা মেরামতের আবেদন জানিয়ে স্থানীয় প্রশাসনিক প্রধানকে একটি পত্র লেখো।

(খ) পালস পোলিয়ো টিকাকরণ-এর উপকারিতার কথা জানিয়ে উপযুক্ত শিরোনাম-সহ সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

(গ) অনুচ্ছেদ রচনা করোঃ বইমেলা

(ঘ) বাংলায় অনুবাদ করোঃ

Education does not depend on school only, it depends mainly on the student. Many students go to school and even obtain degrees but do not receive any education. Similarly many people visit pilgrim-places but everybody cannot obtain the same result. If people do not see what can be seen, do not receive what can be received, ultimately their education remains confined to texts and their religion confined to external rituals.

# B.A. 6th Semester (General) Examination, 2026 (CBCS)

বিষয় ঃ বাংলা

## Course : DSE-1B/2B

(উনিশ শতকের বাংলা নাটক)

সময় ঃ ৩ ঘণ্টা পূর্ণমান ঃ ৬০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। পূর্ণবাক্যে *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ২×১০=২০

(ক) নবীন বসু কে ছিলেন? তিনি কোন থিয়েটার প্রতিষ্ঠা করেন?

(খ) 'ভদ্রার্জুন' কার লেখা? এটি কত সালে প্রকাশিত হয়?

(গ) বিধবাবিবাহ-বিষয়ক দুটি নাটকের নাম ও সেইদুটির রচয়িতার নাম উল্লেখ করো।

(ঘ) 'সধবার একাদশী' কার লেখা ও কত সালে প্রথম প্রকাশিত হয়?

(ঙ) বাংলা সাধারণ রঙ্গালয়ের উদ্বোধন হয় কোন নাটকের অভিনয়ের মধ্যে দিয়ে?

(চ) 'নবনাটক' কার লেখা? উক্ত নাট্যকারের অন্য আর-একটি নাটকের নাম লেখো।

(ছ) মধুসূদন দত্তের লেখা শেষ নাটকটির নাম লেখো। সেটি কোন থিয়েটারে অভিনীত হয়?

(জ) 'সুরেন্দ্র-বিনোদিনী' কার লেখা? নাটকটি কোন রঙ্গমঞ্চে প্রথম অভিনয় করা হয়েছিল?

(ঝ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের লেখা দুটি নাটকের নাম লেখো।

(ঞ) গিরিশচন্দ্রের লেখা দুটি পৌরাণিক নাটকের নাম লেখো।

(ট) প্রথম 'ঐতিহাসিক ট্র্যাজেডি' হিসেবে পরিচিত নাটকটির নাম ও নাট্যকারের নাম লেখো।

(ঠ) গিরিশচন্দ্রের লেখা দুটি পঞ্চরঙ্-জাতীয় নাটকের নাম লেখো।

(ড) 'বিসর্জন' নাটকটি মূল কোন রচনা অবলম্বনে রচিত?

(ঢ) রবীন্দ্রনাথের লেখা দুটি প্রহসনের নাম উল্লেখ করো।

(ণ) 'জমিদার দর্পণ' কার লেখা ও কত সালে প্রকাশিত?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×৪=২০

(ক) বাংলায় লেখা প্রথম সামাজিক নাটক হিসেবে 'কুলীনকুলসর্বস্ব' নাটকটির গুরুত্ব বিচার করো।

(খ) 'শর্মিষ্ঠা' নাটকের গঠনবৈশিষ্ট্য আলোচনা করো।

(গ) 'নীলদর্পণ' নাটকের ঐতিহাসিক গুরুত্ব বিচার করো।

(ঘ) গিরিশচন্দ্র ঘোষের লেখা যে-কোনো একটি সামাজিক নাটক সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) বাংলা দেশাত্মবোধক নাটক হিসেবে 'সুরেন্দ্র-বিনোদিনী'-র গুরুত্ব নিরূপণ করো।

(চ) রবীন্দ্রনাথের লেখা কাব্যনাটকগুলি সম্পর্কে সাধারণ পরিচয় বিবৃত করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×২=২০

(ক) বাংলায় সমাজ সংস্কারামূলক নাটকগুলি সম্পর্কে সংক্ষিপ্ত মূল্যায়ন করো।

(খ) উনিশ শতকের দেশপ্রেমমূলক নাটকের ধারা সম্পর্কে তোমার অভিমত দাও।

(গ) প্রহসনকার হিসেবে অমৃতলাল বসুর কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) প্রহসনের শিল্পী হিসেবে মাইকেল মধুসূদন দত্তের অবদান বিচার করো

———